

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, নভেম্বর ২৯, ২০০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অর্থ বিভাগ

বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ

আদেশ

তারিখ, ১৫ অগ্রহায়ণ ১৪১২/২৯ নভেম্বর ২০০৫

এস,আর,ও নং ৩১৯/২০০৫/অম/অবি(বাস্তঃ-১)/জাঃবেঃস্কেল-৪/২০০৫/২১২—Services (Reorganisation and Conditions) Act, 1975 (XXXII of 1975) এর Section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ১৪ জ্যেষ্ঠ, ১৪১২ বঙ্গাব্দ মোতাবেক ২৮ মে, ২০০৫ খ্রিস্টাব্দ তারিখের আদেশ নং এস,আর,ও ১২২-আইন/২০০৫/অম/অবি(বাস্তঃ-১)/জাঃবেঃস্কেল ৪/২০০৫/৭৬ এর মাধ্যমে জারীকৃত চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৫ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত আদেশের অনুচ্ছেদ ১১ এর উপ-অনুচ্ছেদ (২) এর—

(ক) দফা (ঝ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঝ) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“(ঝ) কিট ভাতা (সকল পোশাকধারী শাখার জন্য) ঃ

এএসপি এবং তদূর্ধ্ব	প্রারম্ভিক মঞ্জুরি	৬৩৩৮
	বাৎসরিক নবায়ন মঞ্জুরি	৩৯০০
পরিদর্শক (আর্মড পুলিশ ব্যাটালিয়ানের	প্রারম্ভিক মঞ্জুরি	৩১৬৮
পরিদর্শক ব্যতীত)	বাৎসরিক নবায়ন মঞ্জুরি	২৬০০”;

(খ) দফা (ট) এর “৩৪” সংখ্যার পরিবর্তে “৫০” সংখ্যা প্রতিস্থাপিত হইবে;

(১০৬২৭)

মূল্য ঃ টাকা ২.০০

(গ) দফা (খ) এর পর নিম্নরূপ নতুন দফা (দ) এবং (ধ) সংযোজিত হইবে, যথা ঃ—

“(দ) দৈনিক/খোরাকী ভাতা ঃ

সিঙ্গেল রেশনপ্রাপ্ত সদস্যদের (এপিবিএন ব্যতীত) জনপ্রতি মাসিক ৩০০

(ধ) ঝুঁকিপূর্ণ কাজের সম্মানী ঃ

(পুলিশ পরিদর্শক হতে কনস্টেবল পর্যন্ত)

সম্মানী প্রদানের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার পদবী	সর্বোচ্চ বার্ষিক হার
(১) মহাপুলিশ পরিদর্শক/অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক	৪,৪০০
(২) মেট্রোলিটন পুলিশ কমিশনার/অতিরিক্ত পুলিশ কমিশনার	৪,০০০
(৩) উপ-মহাপুলিশ পরিদর্শক/অতিরিক্ত উপ-মহাপুলিশ পরিদর্শক	৪,০০০
(৪) পুলিশ সুপার ও সমপর্যায়ের কর্মকর্তা	৩,৬০০”।

২। এই আদেশ অত্র বিভাগের ১৪ জ্যেষ্ঠ, ১৪১২ বঙ্গাব্দ মোতাবেক ২৮ মে, ২০০৫ খ্রিস্টাব্দ তারিখের আদেশ নং এস,আর,ও ১২২-আইন/২০০৫/অম/অবি(বাস্ত-১)/জাঃবেঃস্কেল ৪/২০০৫/৭৬ এর কার্যকরতার তারিখে বলবৎ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

সিদ্দিকুর রহমান চৌধুরী

অর্থ সচিব।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।